গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সিলেট অঞ্চল, সিলেট।
Email: dirsylhet@gmail.com

স্মারক নং- ৩৭.০২.০০০০.০০০.১৬.০০৩.১৬-৬২০

তারিখ : ০৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ জুলাই, ২০২১ খ্রি.

বিষয়: ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত ৪র্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মো: আব্দুল মান্নান খান)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
সিলেট অঞ্চল, সিলেট।
ফোন: ০৮২১-৭২৮৫৬৪

অধ্যক্ষ (সকল)
সরকারি/বেসরকারি কলেজ
সিলেট অঞ্চল, সিলেট।

সদয় অবগতির অনুলিপি:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা শিক্ষা অফিসার (সকল), সিলেট অঞ্চল, সিলেট।
৩। সংরক্ষণ নথি।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

www.dshe.gov.bd

ঢাকা

জরুরি

অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৩৯

তারিখ: ২ শ্রাবণ ১৪২৮
১৭ জুলাই ২০২১

বিষয়: **২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত ৪র্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান**

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং শি:শা: ২২২/৯৪/৯৭৮; তারিখ- ৭ জুন ২০২১

২. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড১৯ অতিমারির কারণে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যহত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য অ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গ্রীড অনুযায়ী ৪র্থ সপ্তাহের জন্য বাংলা, পদার্থবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা, হিসাববিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রম **১৯ জুলাই, ২০২১খ্রি. সোমবার থেকে শুরু হবে**।

এ পরিপ্রেক্ষিতে কোভিড১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ প্রতিপালনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

১৭-৭-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৩৯/১(১৬)

তারিখ: ২ শ্রাবণ ১৪২৮
১৭ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৫) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
৬) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ

১১) পরিচালক , মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ

১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।

১৪) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ

১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৭-৭-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

পরিচালক

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট গ্রিড

অ্যাসাইনমেন্ট নম্বর, বিষয়, পত্র, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম

| বিষয় | | সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সপ্তাহ ও অ্যাসাইনমেন্ট নম্বর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | ১৪শ | ১৫শ | ১৬শ | ১৭শ | ১৮শ | ১৯শ | ২০শ | ২১শ | ২২শ | ২৩শ | ২৪শ | ২৫শ | ২৬শ | ২৭শ | ২৮শ | ২৯শ | ৩০শ | |
| গুচ্ছ ১ | বাংলা | ১ | | ২ | ৩ | | | | ৪ | | | | ৫ | | | | ৬ | | | | ৭ | | | | ৮ | | | ৯ | | ১০ | | ১০ |
| | ইংরেজি | | ১ | ২ | | | | ৩ | | | ৪ | | | ৫ | | | | | ৬ | | | | ৭ | | | ৮ | | | ৯ | | ১০ | ১০ |
| | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | | | | ১ | | | | | ২ | | | | ৩ | | | | | | | | ৪ | | | | | | | | ০৪ |
| গুচ্ছ ২ | রসায়ন /ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/ লঘু সংগীত | | | | | | ১ | | | ২ | | | ৩ | | ৪ | | | ৫ | | | ৬ | | | ৭ | | ৮ | | | ৯ | | ১০ | ১০ |
| গুচ্ছ ৩ | পদার্থবিজ্ঞান/ পৌরনীতি ও সুশাসন/অর্থনীতি/ যুক্তিবিদ্যা/হিসাববিজ্ঞান/ খাদ্য ও পুষ্টি | ১ | ২ | | ৩ | | | ৪ | | | ৫ | | | ৬ | | | ৭ | | | ৮ | | ৯ | | | | | | ১০ | | | | ১০ |
| গুচ্ছ ৪ | জীববিজ্ঞান/সমাজবিজ্ঞান/সমাজকর্ম/ ভূগোল/ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন | | | | | ১ | | | ২ | | | ৩ | | | ৪ | | | ৫ | | | | ৬ | | | ৭ | | ৮ | | | | | ০৮ |
| গুচ্ছ ৫ | উচ্চাঙ্গ সংগীত/ উচ্চতর গণিত/ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ আরবি/পালি/ সংস্কৃত কৃষিশিক্ষা/ মনোবিজ্ঞান/ পরিসংখ্যান/ মৃত্তিকা বিজ্ঞান/ প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস/ গার্হস্থ্যবিজ্ঞান / চারু ও কারুকলা/নাট্যকলা /সমরবিদ্যা/ শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ | | | | | ১ | | | | ২ | | | | | | ৩ | | | ৪ | ৫ | | | ৬ | | | | ৭ | | | ৮ | | ০৮ |
| মোট | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৬০ |

৪র্থ সপ্তাহ

## ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলা　　পত্র: প্রথম　　বিষয় কোড: ১০১　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| ৩ | ‘বিদ্রোহী’ কবিতার আলোকে কবির বিদ্রোহী সত্তার স্বরূপ নির্ধারণ এবং বর্তমান সময়ে কবিতাটির প্রাসঙ্গিকতা যাচাই | ● জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, পেশা, ক্ষুদ্র নৃগোষ্ঠী নির্বিশেষে সকল মানুষের প্রতি সমমর্যাদার মনোভাব ব্যক্ত করতে পারবে। | ১. ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে যে যে রূপে উপস্থাপন করেছেন, তা খুঁজে বের করা।<br><br>২. কবিতায় যেসব ঐতিহ্য ও পুরাণের ব্যবহার করা হয়েছে, তা উল্লেখ করা।<br><br>৩. কবির বিদ্রোহী-সত্তা সমাজের যেসব অসাম্যের বিরুদ্ধে কথা বলে, সেগুলো চিহ্নিত করা।<br><br>৪. বর্তমান সময়ের নানারকম অসাম্যের প্রেক্ষাপটে ‘বিদ্রোহী’ কবিতার প্রাসঙ্গিকতা যাচাই।<br><br>৫. বানান ও ভাষাশৈলীর ব্যাপারে মনোযোগী থাকা। | (নিচের রুব্রিক্স দেখুন) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মান/নম্বর | | | | স্কোর |
| --- | --- | --- | --- | --- | --- |
| | ৪ | ৩ | ২ | ১ | |
| কবি নিজেকে যে যে রূপে উপস্থাপন করেছেন | ১৩-১৬টি রূপের উল্লেখ করতে পারা | ৯-১২টি রূপের উল্লেখ করতে পারা | ৫-৮টি রূপের উল্লেখ করতে পারা | ১-৪টি রূপের উল্লেখ করতে পারা | |
| কবিতায় ঐতিহ্য ও পুরাণের ব্যবহার | পুরাণ ব্যবহারের একাধিক উদাহরণ বর্ণনাসহ উল্লেখ করতে পারা | পুরাণ ব্যবহারের একটি উদাহরণ বর্ণনাসহ উল্লেখ করতে পারা | পুরাণ ব্যবহারের একাধিক উদাহরণ দিতে পারা | পুরাণ ব্যবহারের অন্তত একটি উদাহরণ দিতে পারা | |
| সমাজের অসাম্য চিহ্নিত করা | ৪টি অসাম্য চিহ্নিত করতে পারা | ৩টি অসাম্য চিহ্নিত করতে পারা | ২টি অসাম্য চিহ্নিত করতে পারা | ১টি অসাম্য চিহ্নিত করতে পারা | |
| বর্তমান সময়ের প্রেক্ষপটে ‘বিদ্রোহী’ কবিতার প্রাসঙ্গিকতা | বিভিন্ন ধরনের অসাম্যের প্রেক্ষাপটে ‘বিদ্রোহী’ কবিতার প্রাসঙ্গিকতা উল্লেখ করতে পারা | অসাম্যের প্রেক্ষাপটে ‘বিদ্রোহী’ কবিতার প্রাসঙ্গিকতা উল্লেখ করতে পারা | ‘বিদ্রোহী’ কবিতার প্রাসঙ্গিকতা উল্লেখ করতে পারা | ‘বিদ্রোহী’ কবিতার মূলভাব উল্লেখ করতে পারা | |
| বানান ও ভাষাশৈলী | বানান প্রায় নির্ভুল ও ভাষা সাবলীল হওয়া | বানান ২-৪টি ভুল ও ভাষা সাবলীল হওয়া | বানান ৫-৮টি ভুল এবং ভাষা মোটামুটি সাবলীল হওয়া | বানান ৯-১০টির বেশি ভুল ও ভাষার সাবলীলতা না থাকা | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০ | | | | | |


| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
| --- | --- |
| ১৭-২০ | অতি উত্তম |
| ১৩-১৬ | উত্তম |
| ৯-১২ | ভালো |
| ৫-৮ | অগ্রগতি প্রয়োজন |

17.7.21

১৭/৭/২০২১

৪র্থ সপ্তাহ

বিষয়: পদার্থবিজ্ঞান | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৪ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) |
|---|---|---|---|
| ৩<br>চতুর্থ অধ্যায়:<br>নিউটনিয়ান বলবিদ্যা | <br>Fig-1<br>*অ্যাসাইনমেন্ট-১ এর সমস্যাটি আবার চিন্তা করা যাক।*<br>*এবার,* Fig-1 *এ* 1.5 kg *ভরটির সাথে যুক্ত সুতাটি টেবিলের মাঝের একটি ছিদ্র দিয়ে প্রবেশ করানো আছে এবং* 2 kg ভরটি *আগের মতনই ঝুলানো আছে।* 1.5 kg ভরটি এবার সমদ্রুতিতে ঘূর্ণায়মান অবস্থায় রাখা হয়েছে। ঘর্ষণ গুণাঙ্ক আগের মতই 0.2<br>(ক) সমদ্রুতিতে ঘূর্ণায়মান 1.5 kg ভরের জন্য নিউটনের সমীকরণ লেখ?<br>(খ) 1.5 kg ভরটি সমদ্রুতিতে ঘূর্ণায়মান অবস্থায় থাকার ফলে কাজ কত?<br>*(গ) যদি* 2 kg *ভরটিকে স্থির অবস্থায় রাখতে হয় তাহলে* 1.5 kg *ভরটির দ্রুতি কত হওয়া দরকার?*<br>*(ঘ) যদি ঘর্ষণ থাকার কারণে* 1.5 kg *ভরের দ্রুতি কমতে থাকে তাহলে* 2 kg *ভরটির বেগ বনাম সময়ের গুণগত গ্রাফ আঁক?* | • নিউটনের গতি সূত্রের ব্যবহার করতে পারবে। | নিউটনিয়ান বলবিদ্যা |

**মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)**

| ক্রম | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৪ | ৩ | ২ | ১ | | |
| (ক) | গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | - | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | শুধু গাণিতিক সূত্রসহ উত্তর উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন / শুধু সূত্র উপস্থাপন | | |
| (খ) | গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | - | - | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন / শুধু সূত্র উপস্থাপন | | |
| (খ) | গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | - | প্রয়োজনীয় তথ্য ও গাণিতিক সূত্রসহ গ্রহণযোগ্য উত্তর উপস্থাপন | শুধু গাণিতিক সূত্রসহ আংশিক উত্তর উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন / শুধু সূত্র উপস্থাপন | | |
| (ঘ) | গুণগত গ্রাফ অঙ্কন | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক সঠিক স্কেলিং এ গ্রাফ অঙ্কন | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়পূর্বক গ্রাফ অঙ্কন | প্রয়োজনীয় উপাত্ত নির্ভুলভাবে নির্ণয়/ সঠিক স্কেলিং এ গ্রাফ অঙ্কন | গ্রাফ অঙ্কন/ ধারণা উপস্থাপন | | |
| | মোট নম্বর: ১২ | | | | প্রাপ্ত নম্বর: | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ৫ বা ৫ এর কম | অগ্রগতি প্রয়োজন |

17.7.21

৪র্থ সপ্তাহ

# এইচএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন | পত্র: প্রথম | বিষয় কোড: ২৬৯ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) |
|---|---|---|---|
| ৩<br>তৃতীয় অধ্যায়: মূল্যবোধ, আইন, স্বাধীনতা ও সাম্য | আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক কীভাবে মূল্যবোধ ও নৈতিকতাকে প্রভাবিত করে- বিশ্লেষণ কর। | • আইন ও নৈতিকতার সম্পর্ক বিশ্লেষন করতে পারবে<br>• স্বাধীনতা ও সাম্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক মূল্যায়ন করতে পারবে<br>• গণতান্ত্রিক মূল্যবোধ ব্যাখ্যা করতে পারবে<br>• সুশাসন প্রতিষ্ঠায় মূল্যবোধের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে | • মূল্যবোধ ও নৈতিকতার ধারণা<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের ধারণা<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক ও গুরুত্ব |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | সক্ষমতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে বিশ্লেষণ | মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে সঠিকভাবে বিশ্লেষণ করেছে | মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে লিখেছে তবে সুবিন্যাস্ত নয় | শুধু মূল্যবোধ সম্পর্কে সঠিকভাবে বিশ্লেষণ করেছে | মূল্যবোধ এর ধারণা আংশিক লিখেছে | |
| আইনের উৎস | আইনের উৎস সম্পর্কে সুস্পষ্টভাবে বর্ণনা করেছে | আইনের উৎস সম্পর্কে অধিকাংশ ধারণা দিয়েছে | আইনের উৎস সম্পর্কে ৩/৪টি ধারণা উল্লেখ করেছে | আইনের উৎস সম্পর্কে ১/২টি ধারণা উল্লেখ করেছে | |
| স্বাধীনতার মূল বিষয়বস্তু | স্বাধীনতার মূল বিষয়বস্তু পূর্ণভাবে লিখেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু আংশিক লিখেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু সম্পর্কে ৩/৪টি ধারণা উল্লেখ করেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু সম্পর্কে ১/২টি ধারণা উল্লেখ করেছে | |
| আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক | আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক সুস্পষ্টভাবে লিখেছে | আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক আংশিক লিখেছে | শুধু আইন ও স্বাধীনতা সম্পর্কে লিখেছে | শুধু আইন সম্পর্কে লিখেছে | |
| উপস্থাপনা কৌশল | নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | অধিকাংশ লিখেছে তবে সৃজনশীল নয় | আংশিক লিখেছে তবে সৃজনশীল নয় | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১১-১৫ | উত্তম |
| ৬-১০ | ভালো |
| ০৫-০৯ | অগ্রগতি প্রয়োজন |

17.7.21

৪র্থ সপ্তাহ

# এইচএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: অর্থনীতি পত্র: প্রথম বিষয় কোড: ১০৯ স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ৩<br>(দ্বিতীয় অধ্যায়: ভোক্তা ও উৎপাদকের আচরণ) | রমিজ বাজার থেকে প্রতি কেজি পেয়ারা ৮০ টাকা, ৭০টাকা ও ৬০ টাকা হলে যথাক্রমে ১৫ কেজি, ২০ কেজি ও ২৫ কেজি পেয়ারা ক্রয় করতে আগ্রহী। অন্যদিকে পেয়ারা বিক্রেতা উক্ত দামে বাজারে পেয়ারা সরবরাহ করতে চায় যথাক্রমে ২৫ কেজি, ২০ কেজি ও ১৫ কেজি। উল্লেখিত তথ্যের ভিত্তিতে পেয়ারার বাজারের ভারসাম্য বিশ্লেষণ কর। | • চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• চাহিদা বিধিকে সূচি এবং রেখাচিত্রে রূপ দিয়ে ব্যাখ্যা করতে পারবে।<br>• যোগানের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>• যোগানবিধিকে সূচি ও রেখাচিত্রে রূপ দিতে পারবে।<br>• সূচি, রেখাচিত্র এবং গাণিতিকভাবে ভারসাম্য দাম ও পরিমাপ নির্ধারণ করতে পারবে। | • চাহিদা ও যোগানের ধারণা<br>• চাহিদা ও যোগানের সূচি<br>• চাহিদা ও যোগানের চিত্রাঙ্কন<br>• ভারসাম্য দাম ও পরিমাণ<br>• তথ্যের ভিত্তিতে পেয়ারার বাজারের ভারসাম্য বিশ্লেষণ<br>(উদ্দীপকের তথ্যসমূহ হতে রেখাচিত্র অঙ্কন করা প্রয়োজন) | নিচের রুব্রিক্স দ্রষ্টব্য |

| নির্দেশক | সক্ষমতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| বিষয়বস্তুর যথার্থতা (চহিদা, যোগান, সূচি ও ভারসাম্য) | বিষয়বস্তু শুদ্ধ ও পূর্ণাঙ্গভাবে ব্যাখ্যা করতে পেরেছে | বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে শুদ্ধ ও পূর্ণাঙ্গভাবে ব্যাখ্যা করতে পেরেছে | বিষয়বস্তু আংশিকক্ষেত্রে শুদ্ধ ও পূর্ণাঙ্গভাবে ব্যাখ্যা করতে পেরেছে | বিষয়বস্তুর শুদ্ধতা ও পূর্ণাঙ্গ ব্যাখ্যার অভাব | |
| উপস্থাপনা কৌশল (ধারাবাহিকতা) | যথাযথ ধারাবাহিকতা বজায় রেখে উপস্থাপন করতে পেরেছে | অধিকাংশক্ষেত্রে যথাযথ ধারাবাহিকতা বজায় রেখে উপস্থাপন করতে পেরেছে | আংশিকক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রেখে উপস্থাপন করতে পেরেছে | ধারাবাহিকতা বজায় না রেখে উপস্থাপন করেছে | |
| সমস্যা সমাধান/বিশ্লেষণ দক্ষতা | সমস্যা অনুযায়ী যথাযথ চিত্রাঙ্কনসহ সমাধান ও বিশ্লেষণ করেছে | সমস্যা অনুযায়ী অধিকাংশক্ষেত্রে যথাযথ চিত্রাঙ্কনসহ সমাধান ও বিশ্লেষণ করেছে | সমস্যা অনুযায়ী আংশিকক্ষেত্রে চিত্রাঙ্কনসহ সমাধান ও বিশ্লেষণ করেছে | সমস্যা অনুযায়ী ত্রুটিযুক্ত চিত্রাঙ্কনসহ আংশিক সমাধান ও বিশ্লেষণ করেছে | |
| বিশ্লেষণে সৃজনশীলতা ও নান্দনিকতা (তথ্যের ভিত্তিতে পেয়ারার বাজারের ভারসাম্য) | সৃজনশীল ও নান্দনিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করেছে | অধিকাংশক্ষেত্রে সৃজনশীল ও নান্দনিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করেছে | আংশিকক্ষেত্রে সৃজনশীল ও নান্দনিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করেছে | পাঠ্যপুস্তকের অনুরূপ বিষয়বস্তু উপস্থাপন করেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ৯-১২ | উত্তম |
| ৫-৮ | ভালো |
| ৪ বা ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |

17.7.21

4র্থ সপ্তাহ

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: যুক্তিবিদ্যা** **পত্র: প্রথম** **বিষয় কোড: ১২১** **স্তর: এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নং | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৩ | **যুক্তির উপাদান হিসেবে পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের তুলনামূলক বিশ্লেষণপূর্বক একটি বাস্তব উদাহরণ দাও।** | তৃতীয় অধ্যায়:<br>যুক্তির উপাদান<br><br>**শিখনফল :**<br>১. যুক্তির উপাদানসমূহ বর্ণনা করতে পারবে।<br>২. পদের অর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৩. পদ ও শব্দের পার্থক্য বর্ণনা করতে পারবে।<br>৫. পদের ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৬. পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের তুলনা করতে পারবে। | • পদ ও শব্দ<br>• পদ ও বাক্য<br>• ব্যক্তার্থ ও জাত্যর্থ<br>• ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস বৃদ্ধির নিয়ম<br>• হ্রাস বৃদ্ধির নিয়মের ব্যাখ্যা<br>• একটি বাস্তব উদাহরণ যাচাই | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ |
|---|---|---|---|---|
| পদ ও শব্দ | পদ ও শব্দের ধারণার সাথে পার্থক্য ব্যাখ্যা করলে | পদ ও শব্দের ধারণা ব্যাখ্যা করলে | পদ ও শব্দের ধারণা দিলে | পদের ধারণা দিলে |
| পদ ও বাক্য | সাধারণ বাক্য আলোচনা করে যুক্তিবাক্যের ব্যাখ্যা দিলে | সাধারণ বাক্য আলোচনা না করে যুক্তিবাক্যের ব্যাখ্যা দিলে | যুক্তিবাক্যের ধারণা দিলে | সাধারণ বাক্যের ধারণা দিলে |
| ব্যক্তার্থ ও জাত্যর্থ | উদাহরণসহ ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা দিলে | উদাহরণসহ ব্যক্তার্থ ও জাত্যর্থের ধারণা দিলে | উদাহরণ ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা দিলে | উদাহরণ ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থের ধারণা দিলে |
| ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম ও ব্যাখ্যা | চিত্রসহ ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম ব্যাখ্যা করলে | চিত্র ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম ব্যাখ্যা করলে | চিত্র ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম অধিকাংশ ব্যাখ্যা করলে | চিত্র ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম আংশিক ব্যাখ্যা করলে |
| বাস্তব উদাহরণ | উদাহরণ দিয়ে যথার্থতা বিশ্লেষণ করলে | উদাহরণের যথার্থতা যাচাই না করলে | শুধু উদাহরণ দিলে | উদাহরণ পুরোপুরি বাস্তবসম্মত না হলে |

| ক্রম | ব্যাপ্তি | স্কোর |
|---|---|---|
| ১. | ১৬-২০ | অতি উত্তম |
| ২. | ১১-১৫ | উত্তম |
| ৩. | ০৬-১০ | ভালো |
| ৪. | ০১-০৫ | অগ্রগতি প্রয়োজন |

৪র্থ সপ্তাহ

# ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: হিসাববিজ্ঞান** **পত্র : প্রথম** **বিষয় কোড: ২৫৩** **স্তর : এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ৩ | নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত গরমিলের কারণ অনুসন্ধান করে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণ:<br><br>২০২১ সালের ৩১ মে তারিখে সাগর অ্যান্ড কোং এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৮,৬০০ টাকা। গরমিলের কারণসমূহ নিম্নরূপঃ<br><br>১। চেক ইস্যু করা হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক ডেবিট হয়নি ৪,৫০০ টাকা।<br>২। আদায়ের জন্য ৮,৫০০ টাকার চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক বিবরণীতে এখনো লেখা হয়নি।<br>৩। অন্য একজন গ্রাহক কর্তৃক ইস্যুকৃত ১০,৫০০ টাকার একটি চেক ব্যাংক ভুলবশত অত্র হিসাবে ডেবিট করেছে।<br>৪। ব্যাংক লভ্যাংশ বাবদ আদায় করেছে ১০,০০০ টাকা।<br>৫। ব্যাংক সার্ভিস চার্জ বাবদ ১,৫০০ টাকা ডেবিট করেছে।<br>৬। একজন পাওনাদারকে ১২,০০০ টাকার একটি চেক ইস্যু করে ভুলে নগদান বইতে ১,২০০ টাকা লেখা হয়েছে।<br>৭। আদায়ের জন্য ব্যাংকে প্রেরিত প্রাপ্য বিল বাবদ ব্যাংক ৫১,০০০ টাকা আদায় করেছে যা নগদানভুক্ত হয়নি; উক্ত বিলের লিখিত মূল্য ছিল ৫০,০০০ টাকা।<br><br>ক) উল্লেখিত লেনদেন থেকে গরমিলের কারণ বর্ণনা করো। | নগদান বই ও ব্যাংক হিসাবের উদ্বৃত্তের পার্থক্যের কারণ উদঘাটন করতে পারবে।<br><br>ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করতে পারবে।<br><br>নগদ অর্থের স্বচ্ছতা নিশ্চিত করতে পারবে। | ক) ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক ডেবিট অর্থ ব্যাংক জমা হ্রাস।<br><br>খ) প্রচলিত ছক অনুযায়ী করতে হবে।<br><br>গ) খ এর ফলাফলের ভিত্তিতে করতে হবে। | নিচের রুব্রিক্স দ্রষ্টব্য |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশনা | পারদর্শিতার মাত্রা | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | স্কোর | |
| গরমিলের কারণ ব্যাখ্যা করতে পারা | যথাযথ ভাবে কার্য সম্পাদন | অধিকাংশ কার্য সম্পাদন | আংশিক কার্য সম্পাদন | ন্যূনতম কার্য সম্পাদন | | |
| ব্যাংক বিবরণী প্রস্তুতকরণ(প্রচলিত পদ্ধতি) | ব্যাংক জমা ঠিক ভাবে নির্ণীত | একটি লেনদেন ভুল | সর্বোচ্চ ৩টি লেনদেন ভুল | একটি লেনদেন ঠিক | | |
| ব্যাংক বিবরণী প্রস্তুতকরণ(উভয় জের পদ্ধতি) | ব্যাংক জমা ঠিক ভাবে নির্ণীত | একটি লেনদেন ভুল | সর্বোচ্চ ৩টি লেনদেন ভুল | একটি লেনদেন ঠিক | | |
| বিশ্লেষণের ক্ষমতা | সকল দফা বিশ্লেষণ করতে পেরেছে | অধিকাংশ দফা বিশ্লেষণ করতে পেরেছে | ৪টি দফা বিশ্লেষণ করতে পেরেছে | ন্যূনতম একটি দফা বিশ্লেষণ করতে পেরেছে | | |
| উপস্থাপন | অনুকরণীয় | আকর্ষণীয় | পরিচ্ছন্ন | মানানসই | | |

| ক্রম | স্কোর | নম্বরের ব্যাপ্তি | |
|---|---|---|---|
| ১ | অতি উত্তম | ১৬-২০ | |
| ২ | উত্তম | ১১-১৫ | |
| ৩ | ভাল | ০৬-১০ | |
| ৪ | অগ্রগতির প্রয়োজন | ০১-০৫ | |

17.7.21

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) উপর্যুক্ত তথ্যের আলোকে প্রচলিত পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো।<br><br>গ) উপর্যুক্ত তথ্যের আলোকে সংশোধিত জের পদ্ধতিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। | | | |

17.7.21

৪র্থ সপ্তাহ

# এইচএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: খাদ্য ও পুষ্টি | পত্র: প্রথম | বিষয় কোড: ২৭৯ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>অধ্যায়: চতুর্থ<br>ক্যালরি | নিজ পরিবার/ প্রতিবেশী/আত্মীয়দের যেকোনো ৫জন ব্যক্তির তথ্য ছকে সন্নিবেশ করে সেটি পর্যালোচনার ভিত্তিতে ব্যক্তি বিশেষের ক্যালরির চাহিদার পার্থক্যের কারণ চিহ্নিতকরণ এবং তালিকায় প্রাপ্ত ক্যালরির চাহিদার সাথে অনুমোদিত চাহিদার সামঞ্জস্যতা নিরূপণ (নিচের ছক দ্রষ্টব্য) | • ক্যালরি ব্যাখ্যা করতে পারবে<br>• ক্যালরির চাহিদা নির্ণয়ে প্রভাব সৃষ্টিকারী বিষয় সম্পর্কে ব্যাখ্যা দিতে পারবে<br>• বয়স ও লিঙ্গ ভেদে ক্যালরির চাহিদা বর্ণনা করতে পারবে | • আলাদা আলাদাভাবে পাঁচজন ব্যক্তির ক্যালরির চাহিদা নির্ণয়<br>• যথাযথভাবে ছক পূরণ<br>• ব্যক্তি বিশেষের ক্যালরির চাহিদার পার্থক্যের কারণের তালিকা তৈরি<br>• বয়স অনুযায়ী অনুমোদিত ক্যালরির চাহিদার ছক উপস্থাপন<br>• অনুমোদিত চাহিদার সাথে উক্ত ব্যক্তিগণের দৈনিক চাহিদা তুলনা<br>• প্রয়োজনে পাঠ্যপুস্তক শ্রেণি শিক্ষক ও ইন্টারনেটের সহায়তা নেওয়া যেতে পারে | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য)<br><br>বরাদ্দকৃত মোট নম্বর : ১৬ | |

| ক্রমিক | বয়স | লিঙ্গ | ওজন | শ্রমের ধরন | দৈনিক ক্যালরির চাহিদা |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক্যালরির চাহিদা নির্ণয় | ৫ জনের ক্যালরির চাহিদা নির্ণয় করেছে | ৪ জনের ক্যালরির চাহিদা নির্ণয় করেছে | ৩ জনের ক্যালরির চাহিদা নির্ণয় করেছে | ২/১ জনের ক্যালরির চাহিদা নির্ণয় করেছে | |
| ছক পূরণের যথার্থতা | যথাযথভাবে ছক পূরণ করেছে | কলাম বা সারির যেকোনো একটি গ্রহণযোগ্যভাবে পূরণ করেনি | কলাম বা সারি এলোমেলো ভাবে পূরণ করেছে | একটি মাত্র কলাম/সারি পূরণ করেছে | |
| ক্যালরির চাহিদার পার্থক্যের কারণ | চাহিদা ভিত্তিক ক্যালরির পার্থক্যের ৫টি কারণ উল্লেখ করেছে | চাহিদাভিত্তিক ক্যালরির পার্থক্যের ৪টি কারণ উল্লেখ করেছে | চাহিদাভিত্তিক ক্যালরির পার্থক্যের ৩টি কারণ উল্লেখ করেছে | চাহিদাভিত্তিক ক্যালরির পার্থক্যের ২টি কারণ উল্লেখ করেছে | |
| অনুমোদিত চাহিদার সাথে দৈনিক চাহিদার তুলনা | ৫ জনের চাহিদার তুলনা করতে পেরেছে | ৪ জনের চাহিদার তুলনা করতে পেরেছে | ৩ জনের চাহিদার তুলনা করতে পেরেছে | ২ জনের চাহিদার তুলনা করতে পেরেছে | |
| | | | | মোট | |

বরাদ্দকৃত মোট নম্বর : ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১২-১৬ | অতি উত্তম |
| ৮-১১ | উত্তম |
| ৫-৭ | ভালো |
| ৪ বা ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |

17.7.21